



WEST BENGAL STATE UNIVERSITY

B.A. General Part-II Examination, 2021

বাংলা

দ্বিতীয় পত্র

সময়: ২ ঘণ্টা

পূর্ণমান: ৫০

প্রান্তিক সীমার মধ্যস্থ সংখ্যাটি পূর্ণমান নির্দেশ করে।
পরীক্ষার্থীরা নিজের ভাষায় যথা সম্ভব শব্দসীমার মধ্যে উত্তর করিবে।

১নং থেকে ৪নং প্রশ্নের মধ্যে যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও

১৫×২ = ৩০

১। ‘অভিসার’ বলতে কী বোঝায়? এই পর্যায়ের শ্রেষ্ঠ কবি কে? তাঁকে শ্রেষ্ঠ বলে মনে করার কারণ পাঠ্যপদ অবলম্বনে বুঝিয়ে দাও। ৪+১+১০

অথবা

‘অক্ষুর তপন তাপে যদি জারব

১+৪+১০

কি করব বারিদ মেহে।’

— অংশটি বৈষ্ণব পদাবলীর কোন্ রস পর্যায়ের অন্তর্ভুক্ত? উক্ত রস পর্যায়ের সংজ্ঞা দিয়ে একজন শ্রেষ্ঠ কবির কৃতিত্বের পরিচয় দাও।

২। ‘মেঘনাদবধ কাব্য’-এর প্রথম সর্গে রাবণের রাজসভার বর্ণনায় কবির কৃতিত্ব বিচার করো। ১৫

অথবা

‘মেঘনাদবধ কাব্য’-এর প্রথম সর্গ অবলম্বনে ‘বারুণী-মুরলা-রমা’ আখ্যানের গুরুত্ব আলোচনা করো। ১৫

৩। ‘বাঁশি’ কবিতাটিতে বাস্তব জীবনের পরিচয়ের পাশাপাশি যেভাবে শাস্ত্রত রোমান্টিকতায় রবীন্দ্রনাথ কবিতাটি শেষ করেছেন তা আলোচনা করো। ১৫

অথবা

“দেবতার পায়ে এই প্রথম পূজা

৭+৮

এই শেষ প্রণাম।”

‘প্রথম পূজা’ ও ‘শেষ প্রণাম’ এর তাৎপর্য নিরূপণ করো।

৪। ‘আমার ভারতবর্ষ’ কবিতায় কবি বীরেন্দ্র চট্টোপাধ্যায় যে ভারতবর্ষের রূপকল্প চিত্রিত করেছেন, তার স্বরূপ ব্যাখ্যা করো। ১৫

অথবা

‘দেশ দেখাচ্ছ অন্ধকারে’ কবিতাটিতে কবি নীরেন্দ্রনাথ চক্রবর্তী যে গভীর স্বদেশানুরাগের পরিচয় দিয়েছেন তা কবিতাটি বিশ্লেষণ করে দেখাও। ১৫

- ৫। নীচে উদ্ধৃত অংশগুলির পরিচয় ও প্রসঙ্গ উল্লেখ করে তাৎপর্য বিশ্লেষণ করোঃ(যে-কোনো দুটি) ৫×২ = ১০
- (ক) কি মোহিনী জান বঁধু কি মোহিনী জান,
অবলার প্রাণ নিতে নাহি তোমা হেন॥
অথবা
বলাই খায়্যাছে ননি মিছা চোর বলে রানী
ভাল মন্দ না করি বিচার।
- (খ) কে কবে শুনেছে পুত্র, ভাসে শিলা জলে,
কে কবে শুনেছে, লোক মরি পুনঃ বাঁচে ?
অথবা
হায় নাথ, নিজ কর্ম-ফলে,
মজালে রাক্ষসকূলে, মজিলা আপনি!
- (গ) পাতাগুলো দুষ্টুমি ক'রে কেটে রেখে দেয়,
বলে হুঁদুরে কেটেছে —
অথবা
তোমাকে দোহাই দিই,
একটি সাধারণ মেয়ের গল্প লেখো তুমি।
বড়ো দুঃখ তার।
- (ঘ) বাঙলার ঘরে ঘরে গুপ্তচর এ জিজ্ঞাসা
এতো সবুজ বাসা! ভিটে ভাঙার পালা কি এল এবার ?
অথবা
যেদিন আমায় সত্যিকারের ভালোবাসবে
সেদিন আমার বুকেও এ-রকম আতরের গন্ধ হবে।
- প্রশ্ন নং ৬ এবং ৭-এর মধ্যে যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও ১০×১ = ১০
- ৬। উদাহরণসহ 'স্বরবৃত্ত' ছন্দের স্বরূপ ও বৈশিষ্ট্য আলোচনা করো। ১০
- অথবা
উদাহরণসহ যে-কোনো দুটি বিষয়ে আলোচনা করোঃ ৫×২ = ১০
কলা, যতি, পদ, পংক্তি, অক্ষর, মাত্রা।
- ৭। নিম্নলিখিত যে-কোনো দুটি উদ্ধৃতির ছন্দোলিপি নির্ণয় করোঃ ৫×২ = ১০
- (ক) বনের পাখি বলে, 'খাঁচার পাখি ভাই
বনের গান গাও দিখি'
খাঁচার পাখি বলে, 'বনের পাখি ভাই
খাঁচার গান লহো শিখি'

- (খ) দাঁড়াও দাঁড়াও পাছ ফ্রণেক দাঁড়ায়ে যাও
কি গান গাহিতে ছিলে বারেক আবার গাও।
- (গ) বলার চেয়ে না বলাতেই প্রকাশ তার
নীরবতাই গাঁথে আমার কথার হার।
- (ঘ) শিশির মুখের গন্ধ ঘাস, রোদ, মাছরাঙা নক্ষত্র আকাশ
আমরা পেয়েছি যারা ঘুরে ফিরে ইহাদের চিহ্ন বারোমাস।
- (ঙ) সুরসুন্দরীর রূপে শোভিল চৌদিকে
বামাকুল; মুক্তকেশ মেঘমালা; ঘন
নিশ্বাস প্রলয়-বায়ু; অশ্রুবারিধারা
আসার; জীমূত-মন্ড হাহাকর রব!

N.B. : *Students have to complete submission of their Answer Scripts through E-mail / Whatsapp to their own respective colleges on the same day / date of examination within 1 hour after end of exam. University / College authorities will not be held responsible for wrong submission (at in proper address). Students are strongly advised not to submit multiple copies of the same answer script.*

—x—